

ঢাকা ওয়াসা

- ১ ২০২৫-২৬ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার কপি।
 ২ পূর্বানুমোদিত দর।
 ৩ প্রাক্কলন।

বিষয়ঃ "Repairing & maintenance of Janatabag & Alibahar water pump Compound under MODS Zone-7, Dhaka WASA"
 সংক্রান্ত কাজ।

১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, ঢাকা ওয়াসার মডস জোন-৭ এর অধীন তানিনকুঞ্জ পানির পাম্প কম্পাউন্ড রাস্তার লেভেল থেকে নীচু। যার কারণে, সামান্য বৃষ্টি হলেই পাম্প কম্পাউন্ডে জলাবদ্ধতা তৈরি হয়। উল্লেখিত পাম্পের সূচনালগ্নে সমগ্র এলাকা সমূহ বেশ নীচু ছিল বিধায় বৃষ্টিসহ অন্যান্য যেকোন উৎসের পানি ঢাল জনিত কারণে পাম্প কম্পাউন্ড হতে বের হয়ে যেত। সম্প্রতি উল্লেখিত এলাকার রাস্তা-ঘাট সমূহ উচু করার কারণে, পূর্বে নির্মিত উল্লেখিত পাম্প কম্পাউন্ড তুলনামূলক অনেক নীচে অবস্থান করছে। যার কারণে বৃষ্টিসহ যেকোন উৎসের পানি নিম্নগামী হয়ে পাম্প কম্পাউন্ডে জমা হয়। পাম্পে হাই ভোল্টেজ বিদ্যুত চালিত অনেক যন্ত্রপাতি রয়েছে। জলাবদ্ধতার কারণে যে কোন সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটে জান-মাল এর ক্ষয়-ক্ষতি হতে পারে। তাই উল্লেখিত পাম্প কম্পাউন্ড বালু ভরাটের মাধ্যমে উচু করা প্রয়োজন। এতদ্ব্যতীত, ড্যাম হয়ে যাওয়ার কারণে অতি বৃষ্টি কালে পাম্প ঘরের ছাদ টুইয়ে পানি পড়ে। পাম্প ঘরের দেওয়ালের প্লাস্টার খসে পড়েছে। পাম্পে বিদ্যমান টয়লেট বিভিন্ন ক্রটির কারণে ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। টয়লেটসহ পাম্প ঘরের এম.এস ডোর সাটার মরিচা পড়ে অকেজো হয়ে পড়েছে। সোকপিট ভেঙ্গে পাম্পের সুয়ার ব্যবস্থা অকার্যকর হয়ে পড়েছে। পাম্প ঘরে বিদ্যমান বৈদ্যুতিক ওয়্যারিং অনেক জরাজীর্ণ হয়ে যাওয়ায় যে কোন সময় মারাত্মক দুর্ঘটনা ঘটতে পারে। উল্লেখিত সমস্যার সমাধানকল্পে, উল্লেখিত পানির পাম্প কম্পাউন্ড বালু ভরাটের মাধ্যমে উচু করণ, টয়লেট, পাম্প ঘর, বৈদ্যুতিক ওয়্যারিংসহ প্রয়োজনীয় অত্যাবশ্যকীয় সংস্কার/মেরামত কাজ জরুরী ভিত্তিতে করা প্রয়োজন।

২। আলোচ্য কাজটি বাস্তবায়ন করার জন্য পূর্ব অনুমোদিত দর (সংযুক্ত ক্রমিক নং- ২) অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্ত ক্রমিক নং- ৪)। প্রস্তুতকৃত প্রাক্কলনে সর্বমোট মূল্য দাঁড়িয়েছে ৪৮,৪৫৮.৭২৬ (আটচল্লিশ হাজার চারশত আটান্ন টাকা সাত দুই ছয় পঁয়সা) টাকা মাত্র। আলোচ্য কাজটির ব্যয়ভার চলতি ২০২৫-২৬ইং অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং- ১৫.৭ হতে নির্বাহ করা হবে (সংযুক্ত ক্রমিক নং- ১)। PPR-2025 এর ৯৯(১)(ড) বিধি অনুযায়ী Direct Procurement Method (DPM) পদ্ধতিতে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স আনিকা বিল্ডার্স, ৭৮ কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫, এর সাথে সরাসরি চুক্তি সম্পাদনের মাধ্যমে কাজটি বাস্তবায়ন করা যেতে পারে। অনুমোদিত ক্রয়-পরিকল্পনার অনুযায়ী বর্ণিত কাজের অনুমোদনকারী হলেন প্রধান প্রকৌশলী মহোদয়।

৩। এমতাবস্থায়, অনুচ্ছেদ-০১ হতে অনুচ্ছেদ-০২ এর বর্ণনালোকে "Repairing & maintenance of Janatabag & Alibahar water pump Compound under MODS Zone-7, Dhaka WASA" শীর্ষক কাজটির জন্য নিম্নলিখিত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারেঃ

ক) উপস্থাপিত প্রাক্কলনের সর্বমোট মূল্য ৪৮,৪৫৮.৭২৬ (আটচল্লিশ হাজার চারশত আটান্ন টাকা সাত দুই ছয় পঁয়সা) টাকার সদয় অনুমোদন।

খ) বর্ণিত কাজটি PPR-2025 এর ৯৯(১) (ড) ধারা অনুযায়ী Direct Procurement Method (DPM) পদ্ধতিতে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স আনিকা বিল্ডার্স, ৭৮ কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫ এর সাথে সরাসরি চুক্তি সম্পাদনের মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন।

সাগর সরকার
 উপ-সহকারী প্রকৌশলী
 মডস জোন-৭
 ঢাকা ওয়াসা।

আবদুর রশিদ রিপন
 সহকারী প্রকৌশলী
 মডস জোন-৭, ঢাকা ওয়াসা।

মোঃ লিয়ন মিয়া
 নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
 মডস জোন-৭
 ঢাকা ওয়াসা।

মোঃ ফিরোজ আলম
 উপ-সহকারী প্রকৌশলী
 মডস জোন-৭, ঢাকা ওয়াসা।

৪। প্রাপ্ত অনুমোদিত।

০৫/০৩/২৬ - ১

শওকত মাহমুদ
 প্রধান প্রকৌশলী